ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭২২
ছৈলেংটা,৩ সেপ্টেম্বর,২০২৫

**১৩২ কেভি মনু সাব স্টেশন কমপ্লেক্সের উদ্বোধন**
**ডিজিটাল যুগে আধুনিক প্রযুক্তির ব্যবহারের**
**উপর গুরুত্ব দিতে হবে : বিদ্যুৎমন্ত্রী**

বর্তমান ডিজিটাল যুগে আধুনিক প্রযুক্তির ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করতে হবে। ডিজিটাল বিশ্বে প্রযুক্তিগত পরিবর্তনের সাথে মানিয়ে নিতে হবে। তবেই উন্নতির গতি আরও দ্রুত হবে। আজ ধলাই জেলার মনু পার্কিং প্রাঙ্গণে এন.ই.আর. পাওয়ার সিস্টেম ইমপ্রুভমেন্ট প্রকল্পের অধীন ১৩২ কেভি মনু সাব স্টেশন কমপ্লেক্সের উদ্বোধন করে বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। উল্লেখ্য, এই প্রকল্পটির জন্য ৪৪ কোটি ৯৮ লক্ষ টাকা ব্যয় হয়েছে। বিশ্ব ব্যাঙ্ক এবং কেন্দ্রীয় সরকার এই প্রকল্পের জন্য ফান্ড প্রদান করে।

এই প্রকল্পটি চালুর ফলে ধলাই জেলার লংতরাইভ্যালি মহকুমার মনু, ছৈলেংটা, এস.কে. পাড়া, ধুমাছড়া, মাছলি, বিরাশি মাইল, নেপালটিলা, মানিকপুর, থালছড়া সহ বিভিন্ন গ্রামের ২১ হাজার ৫৫৮টি পরিবার উপকৃত হবে। অনুষ্ঠানে বিদ্যুৎমন্ত্রী ছাওমনু অঞ্চলের জন্য একটি ৮০০ কেভি মেগা সাব স্টেশন প্রকল্পের ঘোষণা করেন। তিনি বলেন, প্রস্তাবিত প্রকল্পের স্বয়ংক্রিয় ট্রান্সমিশন সিস্টেম এবং উন্নত পাম্প স্টোরেজ প্রক্রিয়া থাকবে। যা একই সাথে হাইড্রোজেন এবং অক্সিজেন উৎপন্ন করবে। হাইড্রোজেন বিদ্যুৎ উৎপাদনের জন্য টেকসই বেকআপ প্রদান করলেও স্বাস্থ্যসেবার জন্য অক্সিজেন ব্যবহার করা হবে। এই মেগা বিদ্যুৎ প্রকল্পটি উত্তর পূর্বাঞ্চলের অন্যতম প্রকল্প হিসেবে গড়ে উঠবে। এই প্রকল্পটি চালু হলে এই অঞ্চলের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সহজতর হবে বলে বিদ্যুৎমন্ত্রী আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন বিধায়ক পল দাংশু, বিধায়ক শম্ভুলাল চাকমা, ত্রিপুরা পাওয়ার ট্রান্সমিশন লিমিটেডের জেনারেল ম্যানেজার রঞ্জন দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবী রতিশ ত্রিপুরা, অভিজিৎ ত্রিপুরা, জয়বাহাদুর রূপিনী, সঞ্জিত দেববর্মা প্রমুখ।

*****